দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ...

JAN. 27 2002



# সৈয়দ আলী আহসান ফররুখ স্মৃতি পুরস্কার পেলেন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** প্রখ্যাত শিক্ষাবিদ, সাহিত্যিক, কবি ও দেশ বরেণ্য বুদ্ধিজীবী সৈয়দ আলী আহসান চট্টগ্রাম সংস্কৃতি কেন্দ্র ঘোষিত 'ফররুখ স্মৃতি পুরস্কার ২০০১' লাভ করেছেন। বাংলাদেশের শিল্প, সাহিত্য-সংস্কৃতিতে অসামান্য অবদানের জন্য তাঁকে এ পুরস্কারে ভূষিত করা হয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারী চট্টগ্রামস্থ জিয়া স্মৃতি যাদুঘর মিলনায়তনে তাঁকে আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার প্রদান করা হবে।

সৈয়দ আলী আহসান কবি, শিক্ষক, গবেষক, চিন্তাবিদ, সমালোচক, প্রশাসক এবং সংগ্রামী এক অনন্য বাগ্মীসত্তা। বয়সের অশীতিবর্ষ অতিক্রমণের এই মুহূর্তেও তিনি বাংলাদেশের শিল্প-সাহিত্য-সংস্কৃতি অঙ্গনের এক অসাধারণ রূপকার হিসেবে সক্রিয়। বাংলা কবিতায় তিনি ইউরোপীয় সৌন্দর্য ও নান্দনিকতার সমন্বয় ঘটিয়েছেন। গবেষক হিসেবে তিনি পরিশ্রমী, তুলনামূলক সমালোচনার পথিকৃৎ। ইতিপূর্বে তিনি বাংলা একাডেমী পুরস্কার, দাউদ সাহিত্য পুরস্কার, সুফী মোতাহের হোসেন স্বর্ণপদক, একুশে পদক, নাসির উদ্দিন স্বর্ণপদক, মধুসূদন পুরস্কার, স্বাধীনতা পদকসহ অনেক পুরস্কার ও সম্মাননা লাভ করেছেন।

উল্লেখ্য, চট্টগ্রাম সংস্কৃতি কেন্দ্র ১৯৯১'সাল থেকে প্রতি দু'বছর অন্তর বাংলাদেশে সাহিত্য ও সংস্কৃতি ক্ষেত্রে অবদান রাখার জন্য কৃতী ব্যক্তিদেরকে পুরস্কৃত করে আসছে। পুরস্কার হিসেবে নগদ ২০ হাজার টাকা, একটি ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হয়।